এইচ এস সি পরীক্ষা ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ড এর জন্য)

# ইসলামের ইতিহাস ও সংস্কৃতি প্রথম পত্র

বিষয় কোড : | ২ | ৬ | ৭ |

সৃজনশীল প্রশ্ন

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট                                         পূর্ণমান — ৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে]

১.▶ সিন্ধু সভ্যতা প্রাচীন সভ্যতাগুলোর অন্যতম। এটি একটি নগরভিত্তিক সভ্যতা। তাদের লিখন পদ্ধতি ছিল চিত্র ভিত্তিক। সিন্ধু সভ্যতা নগর সভ্যতা হলেও তারা উন্নত কৃষি ব্যবস্থারও প্রচলন করেছিল। যব, গম, তুলাসহ নানা প্রকার ফসল তারা উৎপন্ন করত। ফলন বৃদ্ধির জন্য জমিতে বাঁধ দিত। বন্যার পানিকে সংরক্ষণ করে কাজে লাগাত। আবার জলসেচ এর জন্য নালা কেটে পানি এনে ফসলে দিত।

ক. রোমানদের দেবদেবীর সংখ্যা কত ছিল? ১

খ. রাজা মেনেস ফেরাউনের মর্যাদা লাভ করেন কীভাবে? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে সিন্ধু সভ্যতার লিখন পদ্ধতির সাথে কোন সভ্যতার লিখন পদ্ধতির সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. সিন্ধু সভ্যতার কৃষি ব্যবস্থা মিসরীয় সভ্যতার কৃষি ব্যবস্থার প্রতিচ্ছবি- উক্তিটি ব্যাখ্যা কর। ৪

২.▶ ইসলামের ইতিহাসের স্যার ক্লাসে এক যুদ্ধের কাহিনী বর্ণনা করছিলেন, যে যুদ্ধে মুসলমানদের যুদ্ধ কৌশল ঠিকই ছিল; কিন্তু কিছু সংখ্যক সৈন্য কমান্ডারের আদেশ অমান্য করে প্রকাশ্যে চলে আসায় যুদ্ধে চরম মূল্য দিতে হয় মুসলমানদের। অবশ্য পরে আর কখনও এমন ভুল করেনি।

ক. আবু জেহেল কোন যুদ্ধে নিহত হয়? ১

খ. মুসলমানদের আবিসিনিয়ায় হিজরতের গুরুত্ব ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে কোন যুদ্ধের দিকে ইঙ্গিত করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত ঘটনার সাথে তোমার পঠিত গ্রন্থে উল্লিখিত যুদ্ধ থেকে কী শিক্ষা গ্রহণ করা হয়েছে আলোচনা কর। ৪

৩.▶ সিরাজগঞ্জ জেলার রতনকান্দি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুল মান্নান। তিনি অত্যন্ত সৎ ও কর্তব্যপরায়ন ব্যক্তি। তিনি চেয়ারম্যান হয়ে জনগণের জন্য নিজেকে উৎসর্গ করে দেন। জনগণের দুঃখ-দুর্দশা দূর করা এবং সুখ-শান্তি আনয়নে সচেষ্ট হন। তারপরও তিনি রাতের বেলায় ছদ্মবেশে মানুষের অবস্থা জানার চেষ্টা করেন। নিজে খাদ্যের বোঝা বহন করে ক্ষুধার্ত ও দরিদ্র এলাকাবাসীদের কাছে পৌঁছে দিতেন।

ক. 'বায়তুল মাল' কে প্রতিষ্ঠা করেন? ১

https://teachingbd24.com

খ. খুলাফায়ে রাশেদিনের প্রতি খারেজিদের দৃষ্টিভঙ্গি কেমন ছিল? ২

গ. চেয়ারম্যান আব্দুল মান্নানের কর্মকাণ্ডে কার আদর্শ ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. চেয়ারম্যান আব্দুল মান্নানের কর্মকাণ্ড সমাজে কীরূপ প্রভাব বিস্তার করে? বিশ্লেষণ কর। ৪

**৪.▶** ১৭৫৭ সালে সংঘটিত পলাশীর যুদ্ধে মীর জাফরের শঠতাপূর্ণ আচরণে বাংলার শেষ নবাব সিরাজ-উদ-দৌলার পরাজয় ঘটে। এ যুদ্ধে মীর মদন, মোহনলাল যখন প্রাণপণ যুদ্ধ করে নবাবের বিজয়কে সুনিশ্চিত করে তুলল, তখনই মীরজাফর নবাবকে যুদ্ধ বন্ধ করার ঘোষণা দেন। মীরজাফরের এ বিশ্বাসঘাতকতায় নবাবের পরাজয় ঘটে। ফলে ভারতবর্ষে ইংরেজ ঔপনিবেশিক শাসনব্যবস্থার সূত্রপাত ঘটে।

ক. উমাইয়া খিলাফত কত সাল পর্যন্ত স্থায়ী ছিল? ১

খ. উষ্ট্রের যুদ্ধ কী? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে বর্ণিত যুদ্ধের সাথে ইসলামের ইতিহাসের কোন যুদ্ধের সাদৃশ্য পরিলক্ষিত হয়? ব্যাখ্যা কর। ৩

ঘ. তুমি কি মনে কর উদ্দীপকের যুদ্ধের ন্যায় উক্ত যুদ্ধের ফলাফলেও ইসলামের এক নতুন শাসনব্যবস্থার সূত্রপাত হয়েছিল? যৌক্তিক মত দাও। ৪

**৫.▶** বাংলাদেশ ব্যাংকের গভর্নর মোখলেছুর রহমান জাতীয় টাকশাল হতে বেশ কিছু নতুন কাগজের নোট চালু করেন জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ছবি সম্বলিত। ৫০, ১০০, ১,০০০ টাকার নোট এখন শক্তিশালী বিনিময় মুদ্রা। এছাড়া বিকাশের মাধ্যমে টাকা লেনদেন, এ.টি.এম বুথের লেনদেন সব মিলিয়ে দেশের অর্থনীতি চাঙ্গা করছে। আন্তর্জাতিক ক্ষেত্রেও এর প্রভাব পড়ছে।

ক. উমাইয়া রাজবংশের প্রতিষ্ঠাতা কে ছিলেন? ১

খ. উকবা বিন নাফিকে আরবদের আলেকজান্ডার বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে বর্ণিত একক মানের মুদ্রা চালুর ক্ষেত্রে কোন খলিফাকে ইঙ্গিত করা হয়েছে? তার মুদ্রানীতি ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত খলিফার শাসন নীতিই উমাইয়া বংশের ভিত্তি সুদৃঢ় করেছিল-বিশ্লেষণ কর। ৪

**৬.▶** উসমানের প্রতিষ্ঠিত এশিয়া মাইনরের ছোট উসমানীয় রাজ্যকে সুলতান দ্বিতীয় মুরাদ এক বিশাল সাম্রাজ্যে পরিণত করেন। তার সৌভাগ্য যে, বেশ কিছু রণনিপুন সেনাপতির কর্মদক্ষতা তিনি কাজে লাগাতে সক্ষম হয়েছিলেন। তিনি তার সাম্রাজ্যকে ইউরোপ, এশিয়া ও আফ্রিকায় বিস্তৃত করে সর্বত্র সুশাসন

Teachingbd24.com

প্রতিষ্ঠা করেছিলেন। তবে তার এই রাজ্য বিজয়ে দেশের যে স্থিতিশীলতা এবং অর্থের প্রয়োজন ছিল, তার ব্যবস্থা পূর্ববর্তী সম্রাট তাঁর পিতা করে রেখে গিয়েছিলেন?

ক. কাকে আশীর্বাদের চাবি বলা হয়? ১

খ. ওমর বিন আব্দুল আজীজকে পঞ্চম খলিফা বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের সুলতান দ্বিতীয় মুরাদের পিতার সাথে কোন উমাইয়া খলিফার কাজের সামঞ্জস্য রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. তুমি কি মনে কর উদ্দীপকের দ্বিতীয় মুরাদের সাম্রাজ্য বিস্তারে সেনাপতিদের অবদানের মতই খলিফা আল ওয়ালিদের সেনাপতিদের সহায়তা পেয়েছিলেন? মতামত দাও। ৪

৭.▶ সম্রাট 'ক' ছিলেন কিংবদন্তি নায়ক। অন্যায়কারী ও বিদ্রোহীদের তিনি যেমন কঠোর শাস্তি দিতেন, অন্যদিকে গরিব-দুঃখীদের প্রতি ছিল তাঁর অপরিসীম দয়া। তিনি নামাজ আদায় করা ছাড়াও গভীর রাত পর্যন্ত অতিরিক্ত ধর্মীয় কার্যাদি সম্পন্ন করতেন। তিনি প্রতিদিন প্রচুর অর্থ দান-খয়রাত করতেন। কোন কাজ তিনি অবহেলায় ফেলে রাখতেন না এবং রাজকোষ থেকে তিনি প্রয়োজনের অতিরিক্ত কোনো খরচ করতেন না। পাশাপাশি সব সময় তাঁর প্রজাদের মঙ্গলের কথা ভাবতেন।

ক. বালখ প্রদেশের সুপ্রসিদ্ধ মন্দিরের নাম কী ছিল? ১

খ. হাসান বিন-সাবাহ ইতিহাসে পর্বতের বৃদ্ধ মানব নামে পরিচিত কেন? ২

গ. উদ্দীপকের সম্রাট 'ক'-এর চারিত্রিক বৈশিষ্ট্যের সাথে কোন বিখ্যাত শাসকের চারিত্রিক বৈশিষ্ট্যের সাদৃশ্য লক্ষ করা যায়? ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত খলিফার আর কী কী চারিত্রিক বৈশিষ্ট্য থাকা প্রয়োজন ছিল বলে তুমি মনে কর? মতামত দাও। ৪

৮.▶ নাহিদ তার বাবার কাছে একজন খলিফার গল্প শুনছিল। যিনি অত্যন্ত যোগ্য ও সৎ শাসক ছিলেন। তাঁর স্ত্রীও জনহিতকর কার্যে রাজার সঙ্গে অংশ নিতেন। তবে রাজ্য পরিচালনায় তিনি একটি বিশেষ বংশের উজিরের ওপর নির্ভর করতেন। কিন্তু উজীরের কাজ কর্মে সন্দিহান হয়ে তিনি সে উজিরকে বংশসহ ধ্বংস করেন।

ক. আব্বাসি খিলাফতের রাজধানী কোথায় ছিল? ১

খ. আব্বাসি বংশের পতনে কোন নদীর পানি কীভাবে রঞ্জিত হয়েছিল? ২

গ. উদ্দীপকে উল্লিখিত বিশেষ বংশের সাথে তোমার পঠিত কোন বংশের মিল খুঁজে পাও? ব্যাখ্যা কর। ৩

ঘ. উল্লিখিত বংশের ধ্বংসের ঘটনা উল্লেখ কর। ৪

https://teachingbd24.com

৯. ▶ বাংলাদেশ স্বাধীন হওয়ার পর বঙ্গবন্ধুর প্রচেষ্টায় ইসলামিক ফাউন্ডেশন প্রতিষ্ঠিত হয়। জ্ঞান-বিজ্ঞানর চর্চার জন্য এখানে বিভিন্ন প্রাচীন গ্রন্থাবলি সংরক্ষণ করা হয়। এখানে একটি অনুবাদ বিভাগও রয়েছে। এ বিভাগে দেশ-বিদেশের বিভিন্ন ভাষার বইগুলো বাংলায় অনুবাদের ব্যবস্থা রয়েছে। এ প্রতিষ্ঠানটি গবেষণা কর্মের প্রয়োজনীয় সহযোগিতাও করেছে।

ক. 'সিয়াসত নামা' গ্রন্থের রচয়িতা কে? ১

খ. সালাহউদ্দীন আয়ুবীর পরিচয় দাও। ২

গ. উদ্দীপকে উল্লিখিত ইসলামিক ফাউন্ডেশন প্রতিষ্ঠার সাথে খলিফা আল মামুনের কোন সংস্কার কর্মকাণ্ডের মিল রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. আব্বাসীয় খিলাফতে সংস্কৃতির উন্নয়নে উক্ত সংস্থার অবদান ইসলামিক ফাউন্ডেশনের তুলনায় বেশি ছিল-বিশ্লেষণ কর। ৪

১০. ▶ জনাব ইসমাইল বাগবাটি ইউনিয়নের চেয়ারম্যান নির্বাচিত হওয়ার পর সেচ প্রকল্পের মাধ্যমে পানি সরবরাহ করার ফলে এলাকায় কৃষি কাজের উন্নয়ন হয়। ব্যবসা-বাণিজ্যের উন্নতির জন্য তিনি তাঁর একান্ত প্রচেষ্টায় বিভিন্ন ব্যবসাকেন্দ্র গড়ে তোলেন। ইউনিয়নের আইন-শৃঙ্খলা পরিস্থিতি এতই উন্নত ছিল যে, ব্যবসায়ীরা গভীর রাতে টাকা-পয়সা নিয়ে এক বন্দর থেকে অন্য বন্দরে যাতায়াত করতে পারত। তিনি ভিক্ষাবৃত্তি উচ্ছেদ করেন। এমনকি প্রত্যন্ত অঞ্চলের মানুষের চলাফেরার জন্য তিনি ঘোড়ার গাড়ির ব্যবস্থা করেন।

ক. স্পেনে উমাইয়া আমিরাত প্রতিষ্ঠিত হয় কত খ্রিস্টাব্দে? ১

খ. কুরাইশদের বাজপাখি কাকে এবং কেন বলা হয়? ২

গ. উদ্দীপকের বাগবাটি ইউনিয়নের চেয়ারম্যানের কর্মকাণ্ডের সাথে কোন উমাইয়া শাসকের কর্মকাণ্ডের মিল লক্ষ করা যায়? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের চেয়ারম্যানের সাথে সামঞ্জস্যপূর্ণ উক্ত উমাইয়া শাসকের অন্যান্য কৃতিত্ব মূল্যায়ন কর? ৪

১১. ▶ সুশাসনের জন্য সম্রাট 'খ' বিকেন্দ্রীয়করণ নীতির ওপর জোর দেন। তিনি সাম্রাজ্যকে কয়েকটি প্রদেশ, জেলা ও উপজেলায় বিভক্ত করেন। সংশ্লিষ্ট প্রদেশ, জেলা ও উপজেলায় সুযোগ্য কর্মচারী নিয়োগ করেন। সৈন্যবাহিনী ও নৌবাহিনীরও তিনি সংস্কার সাধন করেন। তিনি ফাতেমি বংশের শাসকদের মধ্যে নিঃসন্দেহে সর্বশ্রেষ্ঠ ছিলেন।

ক. ওবায়দুল্লাহ আল মাহদী কত খ্রিষ্টাব্দে সিংহাসনে আরোহণ করেন? ১

খ. দারুল হিকমার পরিচয় বর্ণনা কর। ২

গ. উদ্দীপকে সম্রাট 'খ' এর কর্মকাণ্ডের সাথে তোমার পাঠ্যপুস্তকের কোন ফাতেমি খলিফার কর্মকাণ্ডের মিল পাওয়া যায়? ব্যাখ্যা কর। ৩

ঘ. পাঠ্যপুস্তকের উক্ত ফাতেমি শাসকের কর্মকাণ্ড বর্তমানকালে কতটুকু গ্রহণযোগ্য বলে তুমি মনে কর? মতামত দাও। ৪

https://teachingbd24.com

# ইসলামের ইতিহাস ও সংস্কৃতি প্রথম পত্র

বিষয় কোড | ২ | ৬ | ৭ |

সময় — ৩০ মিনিট

## বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান — ৩০

*[বিশেষ দ্রষ্টব্য: — সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. **ইতিহাসের জনক হেরোডোটাস কোন দেশের নাগরিক?**
ⓚ মিসর ⓚ ব্যাবিলন
ⓖ গ্রিস ⓖ রোম

২. **আরব এলাকাটিতে কোন ধরনের বায়ু প্রবাহিত হয়?**
ⓚ লু হাওয়া ⓚ মৌসুমী বায়ু
ⓖ অয়ন বায়ু ⓖ খামসিন বায়ু

৩. **মিসরকে নীল নদের দান বলেছেন কে?**
ⓚ পি কে হিট্টি ⓚ হেরোডোটাস
ⓖ আমীর আলী ⓖ লেইনপুল

৪. **মহানবি (স.) হুদায়বিয়ার সন্ধি করেছেন—**
i. পৌত্তলিকদের সাথে
ii. ইহুদিদের সাথে
iii. কুরাইশদের সাথে
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

৫. **মদিনায় নির্মিত প্রথম মসজিদের নাম কী?**
ⓚ আল কুবা ⓚ মসজিদে নববি
ⓖ আল আকসা ⓖ কুফা মসজিদ

৬. **হিজরি সাল গণনা শুরু হয় কখন?**
ⓚ ৬১০ খ্রি. ⓚ ৫১২ খ্রি.
ⓖ ৬২২ খ্রি. ⓖ ৬২৪ খ্রি.

৭. **হাজরে আসওয়াদ কী?**
ⓚ মসজিদ ⓚ পাথরখণ্ড
ⓖ মিনার ⓖ কাবাঘর

৮. **মদীনা সনদের কয়টি শর্ত ছিল?**
ⓚ ৪০ ⓚ ৪২
ⓖ ৪৫ ⓖ ৪৭

৯. **হিলফ-উল-ফুযুল কী?**
ⓚ সামাজিক সংগঠন ⓚ রাজনৈতিক সংগঠন
ⓖ সাংস্কৃতিক সংগঠন ⓖ শান্তি কমিটি

১০. **আনসার অর্থ কী?**
ⓚ সাহায্যকারী ⓚ নিয়ন্ত্রণকারী
ⓖ হিফাজতকারী ⓖ মধ্যস্থতাকারী

১১. **বর্তমান ইথিওপিয়া রাসুল (স.) এর সময় কী নামে পরিচিত ছিল?**
ⓚ আবিসিনিয়া ⓚ সিরিয়া
ⓖ হেজাজ ⓖ ওমান

১২. **হিজরি সাল কে প্রবর্তন করেন?**
ⓚ হযরত আবু বকর (রা.)
ⓚ হযরত ওমর (রা.)
ⓖ হযরত আলী (রা.)
ⓖ হযরত ওসমান (রা.)

১৩. **ইসলামের ইতিহাসে প্রথম সামরিক বিজয় কোনটি?**
ⓚ বদর ⓚ খন্দক
ⓖ উহুদ ⓖ মুতার

১৪. **মহানবি (স.) এর সময় রোমান সম্রাট কে ছিলেন?**
ⓚ নাজ্জাসী ⓚ হিরাক্লিয়াস
ⓖ কাইজার ⓖ ফিরাউন

১৫. **উমাইয়া খিলাফতের রাজধানী কোথায় ছিল?**
ⓚ মদিনা ⓚ দামেস্ক
ⓖ কুফা ⓖ বাগদাদ

১৬. **উমাইয়া যুগের শেষ খলিফা কে?**
ⓚ দ্বিতীয় ইয়াজিদ ⓚ তৃতীয় ইয়াজিদ
ⓖ দ্বিতীয় মারওয়ান ⓖ দ্বিতীয় ওয়ালিদ

**উদ্দীপকটি পড়ে ১৭ নং প্রশ্নের উত্তর দাও :**

চরজানাজাত অঞ্চলে অনেক মানুষের আবাস হলেও সেখানে কৃষি জমি খুবই কম। ফলে এটির দখল নিয়ে তাদের মধ্যে প্রায়ই বিবাদ লেগে থাকে।

১৭. **উদ্দীপকের মত প্রাচীন কোন সমাজে এ ধরনের বিবাদ লেগে থাকতো?**
ⓚ মিসরীয় ⓚ সুমেরীয়
ⓖ আরব ⓖ গ্রিক

১৮. **মক্কায় মালা গঠনের উদ্দেশ্য ছিল—**
i. গোত্রীয় ভারসাম্য রক্ষা করা
ii. শান্তি ও শৃঙ্খলা কায়েম করা
iii. মক্কার প্রশাসন তদারকী করা
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

Teachingbd24.com

১৯. হযরত ওমর (রা.)-এর উপাধি কী ছিল?
ক বিশ্বাসী খ সত্যবাদী
গ আল্লাহর তরবারি
ঘ সত্য-মিথ্যার পার্থক্যকারী

২০. মুয়াবিয়া (রা.)-এর খিলাফতের রাজধানী কোথায় স্থাপন করেন?
ক মদিনা খ মিসর
গ দামেস্ক ঘ কুফা

২১. খারেজিরা কোন উমাইয়া খলিফাকে বৈধ মনে করে?
ক মুয়াবিয়া (রা.).
খ আবদুল মালিক
গ আল ওয়ালিদ
ঘ ওমর-বিন-আবদুল আজিজ

২২. হযরত আবু বকর (রা.)কে প্রথম খলিফা হিসেবে নির্বাচনের কারণ হল—
i. বয়োজ্যেষ্ঠতা
ii. হযরত মুহাম্মদ (স.) এর ইঙ্গিত
iii. কুরাইশ বংশীয় হওয়া
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

২৩. স্পেনে ধর্মান্ধ আন্দোলনের কারণ—
i. খ্রিষ্টানদের ইসলাম ধর্ম গ্রহণ
ii. খ্রিষ্টানদের ইসলামি রীতিনীতি পালন
iii. মুসলিম শাসকদের পৃষ্ঠপোষকতা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**নিচের উদ্দীপকটি পড় এবং ২৪ নং প্রশ্নের উত্তর দাও :**
লালসালু উপন্যাসের প্রধান চরিত্র মজিদ, গ্রামে মাজার তৈরি করে নিজে শুধু অর্থ উপার্জনই করেনি, সমাজে নিজের মর্যাদা প্রতিষ্ঠায়ও সক্ষম হয়েছিল।

২৪. উদ্দীপকের মজিদের মত প্রতিষ্ঠা পেতে ইসলামের প্রাথমিক যুগে কারা চেষ্টা করেছিল?
ক হানিফ সম্প্রদায় খ সকল গোত্রপতিরা
গ ইহুদি নেতারা ঘ ভণ্ডনবিরা

২৫. আল-হাকিম কর্তৃক দারুল হিকমা প্রতিষ্ঠা করার উদ্দেশ্য-
ক জ্ঞান-বিজ্ঞানের গবেষণা
খ শিয়া মতবাদ প্রচার কর
গ সুষ্ঠুভাবে শাসনকার্য পরিচালনা
ঘ সুষ্ঠুভাবে রাজস্ব আদায়

২৬. স্পেন বিজয়ী সেনাপতির নাম কী?
ক তারিক বিন জিয়াদ
খ মুহম্মদ বিন কাসিম
গ খালিদ বিন ওয়ালিদ
ঘ কুতাইবা বিন মুসলিম

২৭. কোন শহরকে The City of a Thousasnd Minaretes বলা হয়?
ক বাগদাদ খ কর্ডোভা
গ কায়রো ঘ দামেস্ক

**নিচের উদ্দীপকটি পড়ে ২৮ ও ২৯ নং প্রশ্নের উত্তর দাও :**
ফাতেমি শাসনামলে যে খলিফা ৯৫২-৯৭৫ খ্রিষ্টাব্দ পর্যন্ত রাজ্য পরিচালনা করেন তিনিই ছিলেন ফাতেমি শাসকদের মধ্যে শ্রেষ্ঠ। তিনি মিসরে আল আজহার মসজিদ ও গ্রন্থাগার প্রতিষ্ঠাতা করেন।

২৮. উদ্দীপকে কোন খলিফার কথা বলা হয়েছে?
ক আল মাহদী খ আল মনসুর
গ আল মুইজ ঘ আল কাইম

২৯. উদ্দীপকে বর্ণিত কোন খলিফা—
i. ২৩ বছর রাজত্ব করেন
ii. ফাতেমি বংশ প্রতিষ্ঠা করেন
iii. আল আজহার বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করেন
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৩০. ফাতেমি খিলাফত আক্রমণ করে কারা?
ক সেলজুকরা খ বার্মাকিরা
গ উমাইয়ারা ঘ মুররা

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | গ | ২ | ক | ৩ | খ | ৪ | খ | ৫ | ক | ৬ | গ | ৭ | খ | ৮ | ঘ | ৯ | ঘ | ১০ | ক | ১১ | ক | ১২ | খ | ১৩ | ক | ১৪ | খ | ১৫ | খ |
| ১৬ | গ | ১৭ | গ | ১৮ | ঘ | ১৯ | ঘ | ২০ | গ | ২১ | ঘ | ২২ | ক | ২৩ | গ | ২৪ | ঘ | ২৫ | খ | ২৬ | ক | ২৭ | ঘ | ২৮ | গ | ২৯ | খ | ৩০ | ক |

https://teachingbd24.com